*AH-III/Bengali-305-SEC-1/19*

# B.A. Semester III (Honours) Examination, 2018-2019

## BENGALI

**Course ID: 30115** **Course Code: AHBNG-305-SEC-1**

**Course Title: ব্যবহারিক বাংলা ও অনুবাদ চর্চা**

**Time: 2 Hours** **Full Marks: 40**

*The figures in the right hand side margin indicate marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। ‘সপ্ত সিন্ধু দশ দিগন্ত’ (প্রথম সংস্করণ) গ্রন্থটি সম্পাদকদ্বয় কাকে উৎসর্গ করেছিলেন?

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর
(খ) সুধীন্দ্রনাথ দত্ত
(গ) নজরুল ইসলাম

২। শার্ল বোদলেয়র কোন্ দেশের কবি ছিলেন?

(ক) ফরাসি
(খ) জার্মান
(গ) ইতালি

৩। বুদ্ধদেব বসুর ‘হেমন্ত’ কবিতাটি কোন্ কবির কবিতা থেকে অনূদিত?

(ক) নোভালিস
(খ) নিকোলাস গিলেন
(গ) রাইনের মারিয়া রিলকে

৪। ‘আমাদের প্রেম শুরুই হয়নি ওরে’— কোন্ কবিতার চরণ?

(ক) পৃথিবী যদিও
(খ) নিয়তির গান ঃ হাইপেরিঅন
(গ) বনের দেবতা

৫। বাংলা ভাষায় ভাগবতের প্রথম অনুবাদ কে করেন?

(ক) বড়ু চণ্ডীদাস
(খ) মালাধর বসু
(গ) চন্দ্রাবতী

৬। ‘উচ্চারণ-অনুগ’ বানানরীতি কাদের সহযোগে তৈরি হয়?

(ক) সুকুমার সেন ও অসিতকুমার বন্দ্যোপাধ্যায়

(খ) জগন্নাথ চক্রবর্তী ও অসিতকুমার বন্দ্যোপাধ্যায়

(গ) সুকুমার সেন ও সুনীতিকুমার চট্টোপাধ্যায়

৭। ‘শোজা বাঙলা’ বানানরীতির প্রস্তাব কে দিয়েছিলেন?

(ক) যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি

(খ) মুহম্মদ শহীদুল্লাহ

(গ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

৮। আধুনিক বাংলায় এমন কতকগুলি শব্দ ব্যবহৃত হয়ে থাকে যেগুলিকে তৎসম শব্দ বলে মনে হয়, কিন্তু সেগুলি সংস্কৃত ব্যাকরণের নিয়মে নয়। পণ্ডিতেরা এই শব্দগুলিকে বলে থাকেন —

(ক) তদ্ভব শব্দ

(খ) বিদেশি শব্দ

(গ) অসাধু শব্দ

৯। ‘শীল, বয়স ও শক্তি বোঝাতে যে-কোন ধাতুর উত্তর চানশ প্রত্যয় হয়’। — কে বলেছিলেন?

(ক) পাণিনি

(খ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

(গ) সুকুমার সেন

১০। অসংস্কৃত শব্দে কেবল হয়

(ক) ন

(খ) ণ

(গ) ঙ

১১। পাদটীকায় উৎসগ্রন্থ-পরিচায়ক তথ্যের মূল বিভাগগুলি কোন্ বিরাম চিহ্ন দ্বারা পৃথক করা হয়?

(ক) সেমিকোলন

(খ) কমা

(গ) হাইফেন

১২। পাদটীকায় একটি গ্রন্থের প্রয়োজনে কতবার উল্লেখ করা যায়?

(ক) একবার

(খ) দুইবার

(গ) দুইয়ের অধিকবার

১৩। পাদটীকা বা নির্দেশিকা পদ্ধতিতে উৎস নির্দেশ করলে, উৎস পরিচায়ক তথ্যকে ক'টি ভাগে ভাগ করা হয়?

(ক) তিন

(খ) চার

(গ) পাঁচ

১৪। পাদটীকা গ্রন্থের কোথায় সন্নিবেশ করা হয়?

(ক) প্রতি পাতার পাদদেশে

(খ) পরিচ্ছেদের শেষে

(গ) গ্রন্থের শেষে

১৫। কুম্ভীলক বৃত্তি কী?

(ক) উৎস নির্দেশ না করে অপরের রচনা নিজ রচনা বলে নির্দেশ করা

(খ) অনুকরণ

(গ) প্রকাশ কেন্দ্রিক তথ্য

১৬। কোন মহিলা কবি প্রথম বাংলা ভাষাতে রামায়ণ অনুবাদ করেন?

(ক) চন্দ্রাবতী

(খ) স্বর্ণকুমারী দেবী

(গ) কুসুমকুমারী দেবী

১৭। গ্রীক মাইথোলজিতে হাইপেরিঅন কী?

(ক) চাঁদ

(খ) টাইটান

(গ) সূর্য

১৮। সমাসবদ্ধ পদগুলিকে আলাদা করে দেখানোর জন্য কোন্ চিহ্ন ব্যবহার করা হয়?

(ক) হাইফেন

(খ) ড্যাশ

(গ) কোলন

১৯। 'এক শব' কবিতাটি কে অনুবাদ করেন?

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর

(খ) বুদ্ধদেব বসু

(গ) অলোকরঞ্জন দাশগুপ্ত

২০। 'বাংলা বানানের নিয়ম' প্রথম কোথা থেকে কবে প্রকাশিত হয়?

(ক) কলকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৩৫

(খ) কলকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৩৬

(গ) দিল্লী বিশ্ববিদ্যালয়, ১৯৩৭